



019

**বাকেরগঞ্জ-পটুয়াখালী  
 সমিতি সুফিয়া কামালকে  
 স্বর্ণপদক দেবে**

বাংলা সাহিত্য-সংস্কৃতি, নারী মুক্তি ও স্বাধিকার আন্দোলনে বিশেষ অবদান রাখার জন্য কবি বেগম সুফিয়া কামালকে বৃহত্তর বাকেরগঞ্জ-পটুয়াখালী সমিতি স্বর্ণপদক ও আজীবন সদস্যপদ প্রদান ঘোষণা করেছে।

আগামী ২৩শে ডিসেম্বর বিকেল সাড়ে ৩টায় ঢাকার পাবলিক লাইব্রেরী মিলনায়তনে কবি বেগম সুফিয়া কামালের সংবর্ধনা অনুষ্ঠিত হবে। এই অনুষ্ঠানেই তাকে স্বর্ণপদক ও আজীবন সদস্যপদ দেয়া হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সংগীত সম্পাদক মোহাম্মদ নাসির উদ্দীন এবং সভাপতিত্ব করবেন সমিতির সভাপতি কাজী বাহাউদ্দীন আহমেদ। উভেচ্ছা ভাষণ দেবেন বিচারপতি আব্দুর রহমান চৌধুরী প্রফেসর কবীর চৌধুরী, এডভোকেট শামসুল হক চৌধুরী, মিজানুর রহমান মিজান, সেক্রেটারি ও প্র. ড: সনজীদা খাতুন, মালেকা বেগম, খালেদা সাল্লাউদ্দিন, আব্দুল কাদির, গোমা, মোহাম্মদ ফজলুল হক প্রমুখ। কবির জীবন আলোচনা করবেন সিরাজউদ্দীন আহমেদ এবং সংগীত পরিবেশন করবেন আব্দুল লতিফ। কবিতা আবৃত্তি করবেন নূরুল হদা চৌধুরী, ফরহাদ হোসেন, খারিয়াম মামান ও জা. ব. ম মহিউদ্দীন খান চৌধুরী। ধর্ম সংবান বিজ্ঞপ্তি।